গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(সংস্থাপন শাখা)
www.pabna.gov.bd

নম্বর: ০৫.৪৩.৭৬০০.০০৯.১৫.০৫৫.২০.৪৩০(ক)

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭ / ৩০ সেপ্টেম্বর ২০২০

বিষয় : আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর আওতায় উত্তম চর্চার তালিকা প্রেরণ

উপর্যুক্ত বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর আওতায় উত্তম চর্চার তালিকা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ০১(এক) পাতা

( কবীর মাহমুদ )
জেলা প্রশাসক
পাবনা
ফোন: ০৭৩১-৬৫৪৯৯ (অফিস)
ই-মেইল: dcpabna@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর আওতায় উত্তম চর্চার তালিকা

| ক্রংনং | উত্তম চর্চার বিষয় | উত্তম চর্চার গৃহীত পদক্ষেপ |
|---|---|---|
| ১ | প্রশাসনের নবীন সহকারী কমিশনারগণের আইন ও বিধি শিক্ষণ কর্মসূচি | বিসিএস (প্রশাসন) ক্যাডারের নবীন সহকারী কমিশনারগণের দক্ষতা উন্নয়নের জন্য সাপ্তাহিক ভিত্তিতে আইন শিক্ষণ ও বিধি প্রশিক্ষণের উদ্দেশ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে স্টাডি সার্কেলের আয়োজন করা হয়। এখানে একেকজন কর্মকর্তা এককদিন নির্ধারিত বিষয়ের উপর আলোচনা উপস্থাপন করেন। বিভিন্ন প্রশ্নোত্তরের মাধ্যমে নির্ধারিত বিষয়টির তাত্ত্বিক ও প্রায়োগিত দিক আলোচিত হয়। |
| ২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন করা | শাখা/অফিসে কর্মরত কর্মচারীদের দক্ষতা ও কর্মসম্পাদনের মান উন্নয়নের লক্ষ্যে নিয়মিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ চলমান রয়েছে। |
| ৩ | মুজিব বর্ষ উপলক্ষ্যে শিক্ষা সহায়তা ফান্ড গঠন | পাবনার দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের সহায়তার উদ্দেশ্যে মুজিব বর্ষ উপলক্ষ্যে শিক্ষা সহায়তা ফান্ড গঠন করা হবে। বিশেষভাবে যে সকল শিক্ষার্থী এইচ এ সি পাশের পর অর্থের অভাবে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারছে না। তাদেরকে এ ফান্ড হতে সহায়তা প্রদানের ব্যবস্থা করা হবে। |
| ৪ | তৃণমূল পর্যায়ের নাগরিকদের সমস্যা সমাধানে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে দূরশুনানী গ্রহণ | দূর দূরান্তের লোকজন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে জেলা প্রশাসকের সাথে ভিডিও কনফারেন্সিং এ যুক্ত হয়ে গণশুনানীতে অংশগ্রহণ করবেন। দূর শুনানী অনুষ্ঠানের মাধ্যমে জনগণের সাথে প্রশাসনের দূরত্ব আরো কমে আসবে। |
| ৫ | উন্মুক্ত পদ্ধতিতে সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগী বাছাইকরণ | সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বিভিন্ন অনুদানসমূহ প্রদানের ক্ষেত্রে উন্মুক্ত পদ্ধতিতে বাছাই করা হবে। এর মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হবে। |
| ৬ | জেলার সকল জলমহালের তীরে পক্ষীবান্ধব বৃক্ষরোপন | জেলার সকল জলমহালের তীরে পক্ষীবান্ধব বিভিন্ন বৃক্ষরোপন করা হবে। ইতোমধ্যে পাবনা জেলা সদর উপজেলায় ৮০০টি, আটঘরিয়া উপজেলায় ৩৭০০টি, বেড়া উপজেলায় ১৬০০ টি ও সাথিয়া উপজেলায় ২০০০ টিসহ মোট ৮১০০ টি বৃক্ষরোপন করা হয়েছে এবং উক্ত রোপিত বৃক্ষসমূহ রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অবশিষ্ট উপজেলাসমূহে উক্ত বৃক্ষরোপন কর্মসূচির কার্যক্রম চলমান রয়েছে। |
| ৭ | পরিবেশ রক্ষায় “পরিচ্ছন্ন ভাবনা পরিচ্ছন্ন পাবনা” কর্মসূচি গ্রহণ | পরিবেশ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে বিভিন্ন উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা হবে। বিভিন্ন যুবসংঘ, শিক্ষা প্রতিষ্ঠানসহ সরকারি বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সাথে যৌথ উদ্যোগে পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিতকরণে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ৮ | হাইজিন কর্ণার | জেলা প্রশাসন, পাবনা এর উদ্দ্যোগে যে সব শিক্ষা প্রতিষ্ঠানে মেয়ে শিক্ষার্থী রয়েছে সে সব শিক্ষা প্রতিষ্ঠানে হাইজিন কর্ণার স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। শিক্ষা এবং কর্মপরিবেশ নারীবান্ধব করে গড়ে তোলা না হলে সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে নারীদের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করা সম্ভব হবে না। এই লক্ষ্যকে সামনে রেখে বিভিন্ন গার্লস স্কুল এবং সহশিক্ষা চালু আছে এমন স্কুলসমূহে মেয়েদের এবং নারী শিক্ষকদের পৃথক ওয়াশরুম স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এই ওয়াশরুমে মেয়েদের পরিচ্ছন্নতার উদ্দেশ্যে বিভিন্ন উপকরণ যেমন, টিস্যু,তোয়ালে,সাবান, স্যানিটারী ন্যাপকিন ইত্যাদি নির্দিষ্ট স্থানে সাজানো থাকবে। মেয়েরা তাদের প্রয়োজন অনুযায়ী ব্যবহার করতে পারবে। স্বাস্থ্যসম্মতভাবে হাইজিন কর্ণার ব্যবহারের বিষয়টি স্কুল কর্তৃপক্ষ নিশ্চিত করবেন। এর ফলে মেয়েরা স্কুলে এসে স্বাস্থ্য সম্পর্কিত বিড়ম্বনায় পড়ার হাত থেকে রক্ষা পাবে এবং নারীবান্ধব শিক্ষা পরিবেশ নিশ্চিত করার মাধ্যমে জাতীয় উন্নয়ন তরান্বিতকরণ সম্ভব হবে। |

( কবীর মাহমুদ )
জেলা প্রশাসক
পাবনা